


ফারজানা মমতাজ
সচিব, বিদ্যুৎ বিভাগ
ও
চেয়ারম্যান
জেনারেল ও গভর্নিং বডি
বিপিএমআই


# বাণী

বিদ্যুৎ খাতের টেকসই উন্নয়ন ও জনসেবার মানোন্নয়নে দক্ষ, আধুনিক ও প্রযুক্তিসম্পন্ন জনবল তৈরির বিকল্প নেই। ২০১৭ সালে বিদ্যুৎ বিভাগের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও আওতাধীন সকল সংস্থার সহযোগিতায় বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) প্রতিষ্ঠা একটি সময়োপযোগী ও দূরদর্শী পদক্ষেপ। প্রতিষ্ঠার পর থেকে বিপিএমআই বিদ্যুৎ খাতে কর্মরত প্রকৌশলী ও কর্মকর্তাদের দক্ষতা, নেতৃত্ব, এবং উদ্ভাবনী ক্ষমতা বিকাশে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বিপিএমআই'র ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ একটি সময়োপযোগী পদক্ষেপ, যা জনসাধারণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতের পাশাপাশি বিদ্যুৎ খাতের অগ্রগতি, পরিকল্পনা ও কর্মদক্ষতার একটি বাস্তবচিত্র উপস্থাপন করবে। প্রতিবেদন শুধু তথ্য-উপাত্তের সংকলন নয়, বরং একটি প্রতিষ্ঠান কীভাবে জাতীয় উন্নয়নে অবদান রাখছে—তার দলিল।

বিদ্যুৎ উৎপাদনে জাতীয় আকাঙ্খা ও এসডিজির লক্ষ্যপূরণে বিদ্যুৎ বিভাগ নিরবচ্ছিন্ন, সাশ্রয়ী ও পরিবেশবান্ধব বিদ্যুৎ সরবরাহে দৃঢ় প্রতিজ্ঞ। বর্তমান সময়ে বিদ্যুৎ খাতে উদ্ভাবনী প্রযুক্তির সমন্বয়, ডিজিটাল রূপান্তর ও সেবার গুণগত মান বৃদ্ধির সঙ্গে তাল মেলাতে হলে প্রশিক্ষিত ও সৃজনশীল জনবল গড়ে তোলা অপরিহার্য। এ প্রেক্ষাপটে, বিপিএমআই-এর অবদান প্রশংসনীয় এবং সময়ের দাবি পূরণে এক অনন্য উদ্যোগ।

আমি বার্ষিক প্রতিবেদন প্রণয়ন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। পাশাপাশি, বিপিএমআই ভবিষ্যতেও বিদ্যুৎ খাতের উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করবে- প্রত্যাশা ব্যক্ত করছি।



ফারজানা মমতাজ
সচিব, বিদ্যুৎ বিভাগ
ও
চেয়ারম্যান
জেনারেল ও গভর্নিং বডি
বিপিএমআই

# মুখবন্ধ



মোঃ সবুর হোসেন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বিদ্যুৎ বিভাগ
ও
রেক্টর (অতি:দায়িত্ব) বিপিএমআই

বিদ্যুৎ একটি জাতির উন্নয়নের প্রধান চালিকাশক্তি—এটি শুধু প্রযুক্তিগত অবকাঠামো নয়, বরং অর্থনৈতিক অগ্রযাত্রা ও সামাজিক অগ্রগতির নিয়ামক। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের পথে নিরবচ্ছিন্ন, মানসম্মত ও সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করাই আজকের সময়ের অন্যতম চ্যালেঞ্জ। চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যুৎ বিভাগ দক্ষ পরিকল্পনা, প্রযুক্তি সংযোজন এবং জ্বালানি বৈচিত্রায়নের মাধ্যমে নিরন্তর কাজ করে যাচ্ছে।

পরিপ্রেক্ষিতে ২০১৭ সালে বিদ্যুৎ বিভাগের প্রত্যক্ষ উদ্যোগে প্রতিষ্ঠিত বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) বিদ্যুৎ খাতের কর্মকর্তা ও প্রকৌশলীদের জন্য একটি আধুনিক ও সময়োপযোগী দক্ষতা উন্নয়ন কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করে। প্রতিষ্ঠার শুরু থেকেই বিপিএমআই সীমিত জনবল নিয়ে অসীম আন্তরিকতা ও পেশাদারিত্বের সাথে প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা ও বিদ্যুৎ সংশ্লিষ্ট বিষয়ে নানা উদ্যোগ গ্রহণ করে আসছে।

২০২৪-২৫ অর্থবছরে বিপিএমআই ১৬টি প্রশিক্ষণ কোর্স এবং ২টি কর্মশালা আয়োজনের মাধ্যমে মোট ৩৮৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে যা বিদ্যুৎ খাতে দক্ষ মানবসম্পদ তৈরিতে একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি। প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিতে আমরা একঝাঁক অভিজ্ঞ ও স্বনামধন্য প্রশিক্ষক—যাঁদের মধ্যে রয়েছেন সরকারি ও বেসরকারি খাতের অভিজ্ঞ পেশাজীবী, বিশ্ববিদ্যালয়ের প্রাজ্ঞ শিক্ষক, প্রবাসী বিশেষজ্ঞ ও খ্যাতিমান প্রকৌশলী—এর সমন্বয়ে গড়ে তুলেছি একটি সমৃদ্ধ প্রশিক্ষক পুল।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, বিদ্যুৎ খাতে আধুনিক প্রযুক্তি বাস্তবায়ন ও সেবার মানোন্নয়নে প্রশিক্ষিত জনবলের বিকল্প নেই। বিপিএমআই তার নিরলস প্রচেষ্টার মাধ্যমে সেই লক্ষ্য পূরণে কাজ করে যাচ্ছে, এবং ভবিষ্যতেও এই অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

এই প্রতিবেদনের প্রণয়ন সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। ভবিষ্যতের বাংলাদেশকে শক্তিশালী, স্মার্ট ও টেকসই করতে বিপিএমআই একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে আরও অগ্রণী ভূমিকা পালন করবে মর্মে প্রত্যাশা করি।

মোঃ সবুর হোসেন
অতিরিক্ত সচিব (প্রশাসন) বিদ্যুৎ
বিভাগ
ও
রেক্টর (অতি:দায়িত্ব) বিপিএমআই

# সূচীপত্র


| ক্রমিক | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | বিপিএমআই গঠনের পটভুমি | ১ |
| ২ | বিপিএমআই- এর পরিচালনা পদ্ধতি | ১ |
| ৩ | বিপিএমআই- এর মূল কার্যাবলী | ১ |
| ৪ | প্রশিক্ষণের প্রধান বিষয় সমূহ | ২ |
| ৫ | কোর্স কারিকুলাম ডেভেলপমেন্ট | ৩ |
| ৬ | জুলাই ২০১৭ হতে জুন ২০২৫ পর্যন্ত সম্পাদিত প্রশিক্ষণ ও কর্মশালা | ৪ |
| ৭ | ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত প্রশিক্ষণ ও কর্মশালা | ৫ |
| ৮ | ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত যৌথ বৈদেশিক কার্যক্রম | ৭ |
| ৯ | ২০২৪-২৫ অর্থবছরের আর্থিক বিবরণী | ৮ |
| ১০ | বিপিএমআই এর প্রকল্প সংক্রান্ত বিদ্যমান পরিস্থিতি | ১০ |
| ১১ | ২০২৫-২৬ অর্থবছরের কর্ম পরিকল্পনা | ১১ |
| ১২ | চ্যালেঞ্জ সমূহ | ১১ |
| ১৩ | ভবিষ্যৎ পরিকল্পনা | ১২ |
| ১৪ | উপসংহার | ১৩ |
| ১৫ | পরিশিষ্ট-ক (২০২৪-২৫ সালে সম্পাদিত প্রশিক্ষণের বিস্তারিত বিবরণী) | ১৪ |
| ১৬ | পরিশিষ্ট-খ (২০২৫-২৬ প্রশিক্ষণ পরিকল্পনা) | ১৭ |
| ১৭ | পরিশিষ্ট-গ (খাতওয়ারী বিস্তারিত বাজেট) | ২১ |
| ১৮ | পরিশিষ্ট-ঘ (গভর্নিং বডির গঠন) | ২৩ |
| ১৯ | পরিশিষ্ট-ঙ (জেনারেল বডির গঠন) | ২৪ |
| ২০ | পরিশিষ্ট-চ (ফটো অ্যালবাম) | ২৫ |

# বার্ষিক প্রতিবেদন

## ১. বিপিএমআই গঠনের পটভুমি

বিদ্যুৎ একটি রাষ্ট্রের আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম প্রধান চালিকা শক্তি। জনগণের জীবনমান উন্নয়ন ও অর্থনৈতিক গতিশীলতা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ দীর্ঘমেয়াদী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও সম্প্রসারণ করে চলেছে। এই পরিকল্পনার অংশ হিসেবে বিদ্যুৎ খাতে গ্যাস নির্ভরতা কমিয়ে জ্বালানি বৈচিত্র্য (Fuel Diversification) বাড়ানো, নবায়নযোগ্য জ্বালানির প্রতি অধিক গুরুত্ব প্রদান, এবং নতুন প্রযুক্তির অন্তর্ভুক্তি ঘটানো হয়েছে।

বর্তমানে প্রযুক্তির দ্রুত অগ্রগতির ফলে বিদ্যুৎ সরবরাহ শিল্প আরও জটিল, আধুনিক ও প্রযুক্তি নির্ভর হয়ে উঠছে। আধুনিক প্রযুক্তি ব্যবহারের সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে বিদ্যুৎ খাতে আধুনিক ব্যবস্থাপনা কাঠামো প্রবর্তন করা হয়েছে। তবে এই পরিবর্তন বাস্তবায়নের জন্য প্রয়োজন পর্যাপ্ত সংখ্যক দক্ষ, প্রশিক্ষিত ও প্রযুক্তি-বিশেষজ্ঞ জনবল। বিদ্যুৎ খাতের বিভিন্ন পর্যায়ে—প্রকল্প পরিকল্পনা, নকশা, নির্মাণ, কমিশনিং, রক্ষণাবেক্ষণ এবং পরিচালনায়—প্রযুক্তিগতভাবে দক্ষ জনশক্তির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে।

অতীতে বিদ্যুৎ খাতে কর্মরত জনবলের প্রশিক্ষণের সুযোগ ছিল অত্যন্ত সীমিত। দক্ষতার অভাব প্রকল্প বাস্তবায়ন ও পরিচালনায় নানা প্রতিবন্ধকতার সৃষ্টি করতো। এই প্রেক্ষাপটে বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত নীতিমালার ভিত্তিতে বিদ্যুৎ খাতের জনবলকে প্রশিক্ষিত ও যুগোপযোগী করে গড়ে তোলার উদ্দেশ্যে ২০১৭ সালে বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) প্রতিষ্ঠিত হয়।

বিপিএমআই প্রতিষ্ঠার মূল লক্ষ্য ছিল বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও দপ্তরে কর্মরত কর্মকর্তাদের জন্য একটি নির্ভরযোগ্য, মানসম্পন্ন এবং টেকসই প্রশিক্ষণ প্ল্যাটফর্ম তৈরি করা, যা আধুনিক প্রযুক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ দক্ষ জনশক্তি গড়ে তুলবে এবং জাতীয় বিদ্যুৎ খাতের অগ্রগতিকে ত্বরান্বিত করবে।

## ২. বিপিএমআই-এর পরিচালনা পদ্ধতি

বাংলাদেশ পাওয়ার ম্যনেজমেন্ট ইনস্টিটিউটের একটি গভর্নিং বডি রয়েছে, যার সভাপতি বিদ্যুৎ বিভাগের সচিব। ১৪ সদস্য বিশিষ্ট গভর্নিং বডির নির্দেশনা অনুসারে বিপিএমআই-এর কার্যক্রম পরিচালিত হয়।

## ৩. বিপিএমআই-এর মূল কার্যাবলী

- দক্ষ জনবল গঠনে যুগোপযোগী ও মানসম্মত স্বল্প, মধ্যম ও দীর্ঘ-মেয়াদী প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষণ/সেমিনারের মাধ্যমে আধুনিক প্রযুক্তিগত জ্ঞান/দক্ষতা/উত্তম চর্চার প্রসারের উদ্যোগ গ্রহণ।
- বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহের বিদ্যমান প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় সাধন।
- মানব সম্পদ উন্নয়নে জাতীয় ও আন্তর্জাতিক স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগ গ্রহণ।
- পাওয়ার সেক্টর প্রশিক্ষণ নীতিমালা বা পিএসটিপি প্রণয়ন ও বাস্তবায়নে বিদ্যুৎ বিভাগকে সহায়তা।
- বুদ্ধিবৃত্তিক প্রতিষ্ঠান হিসেবে সরকারকে বিদ্যুৎ বিষয়ক পরিকল্পনা প্রণয়নে সহায়তা।

- প্রশিক্ষণের পাশাপাশি বিদ্যুৎ খাতে পরামর্শক ও উপদেষ্টা সেবা প্রদান।
- সরকারি খাতের পাশাপাশি বেসরকারি খাতের জনবলকে প্রশিক্ষণ প্রদান।
- ই-লার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ প্রদান।
- বিদ্যুৎ খাতের বিভিন্ন গবেষণামূলক কার্যক্রম ও স্টাডি সম্পাদন।

## ৪. প্রশিক্ষণের প্রধান বিষয় সমূহ

- বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ
- বিদ্যুৎ কেন্দ্র অপারেশন এবং রক্ষণাবেক্ষণ
- বুনিয়াদী প্রশিক্ষণ
- নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন এবং জ্বালানি সংরক্ষণ
- প্রকল্প ও ক্রয় ব্যবস্থাপনা
- পরিবেশ ব্যবস্থাপনা
- মানবসম্পদ ব্যবস্থাপনা
- আর্থিক ব্যবস্থাপনা
- উন্নত গ্রাহক সেবার লক্ষ্যে দৃষ্টি ভঙ্গির পরিবর্তন
- বিদ্যুৎ খাতে তথ্যপ্রযুক্তির ব্যবহার
- প্রশিক্ষকদের জন্য (টিওটি)
- আইসিটি ও সাইবার সিকিউরিটি
- লিডারশিপ

**প্রশিক্ষণের সুনির্দিষ্ট বিষয়সমূহ**

**কারিগরিঃ**

- Basic Training on Smart Pre-Payment Metering System & Smart Grid
- Substation Automation System
- Refresher Course on Smart Pre-payment Metering System & Smart Grid
- Oracle Database 19C Administrator Certified Professional
- Design, Construction, Operation & Maintenance of Electrical Substation
- Design and Implementation of Solar Power Plant
- Load Flow Analysis
- Certified Ethical Hacker (CEH)
- Generator Protection in Power plant
- Essential Skills on MS Office, Networking & Security of IT for officers
- Basic Training on Smart Pre -Payment Metering System
- Advanced Course on Oracle Database 19C: Automatic Storage Management (ASM) and Real Application Cluster (RAC)
- Design, Construction, Operation and Maintenance of Different Types of Boilers and Turbines of Power Plant

- Training on Power System protection
- Advanced Course on Oracle Database 19C: Data Guard Administration
- Instrumentation &Control System in Power Station
- Basic Training on GIS Mapping
- Basic Training on O&M of CCGT Power Plant
- Design, Manufacturing and Testing of Transformer
- Energy Efficiency and Conservation

**সাধারণ ও আর্থিক ব্যবস্থাপনাঃ**

- Foundation Training Course
- Leadership Development Program for Power Sector Organization
- International Financial Reporting Standards
- Human Resource Management
- Refresher Course on Project formulation, implementation, monitoring & Evaluation
- International Procurement and Supply Chain Management (IPSCM)
- Project Formulation, Implementation, Monitoring and Evaluation
- Advance Training of Trainers (ATOT)
- Special Foundation Training Course
- Customer Service Excellence
- Public procurement for Power Sector
- Audit & Financial Management
- Integrated Management System (IMS)- Internal auditor
- Contract Management
- Company Act and Securitization of Power Sector Entities

**ভবিষ্যতে নতুন যেসব বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবেঃ**

- Computer Hardware and Troubleshooting
- Supply Chain Management
- E-Governance & E-Commerce
- Fundamental Components, O&M of Coal Fired Thermal Power Station

## ৫. কোর্স কারিকুলাম ডেভেলপমেন্ট


বিপিএমআই-তে যে সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়, সে সব বিষয়ে কোর্স কারিকুলাম তৈরি করা একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই প্রতিষ্ঠান কাজ শুরু করার আগে বিদ্যুৎ বিভাগের সিবিআইএসপি প্রকল্পের আওতায় কিছু কোর্সের কারিকুলাম তৈরি করা হয়েছিল। তবে সেগুলো তিন বা চার দিন মেয়াদি প্রশিক্ষণের উপযুক্ত করে তৈরি করা হয়েছিল। বিপিএমআই সেগুলোকে ভিত্তি হিসেবে নিয়ে কারিগরি বিষয়সমূহে বুয়েটসহ বিভিন্ন কারিগরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বিদ্যুৎ খাতের দক্ষ প্রকৌশলীগণের সহায়তা নিয়ে নিজস্ব কোর্স কারিকুলাম তৈরি করে। অ-কারিগরি, যেমন সাধারণ ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট

বিষয়ের শিক্ষক ও স্ব-স্ব বিষয়ে দক্ষ ব্যক্তিবর্গের সহায়তায় কারিকুলাম প্রস্তুত ও উন্নয়ন করা হয়। এরপর বিশ্বের বিভিন্ন নামকরা প্রতিষ্ঠানের কারিকুলামের সাথে সেগুলি মিলিয়ে নেয়া বা প্রয়োজনবোধে সংশোধন করা হয়। বিদ্যুৎ খাতের বিভিন্ন সংস্থা বা কোম্পানির দক্ষ প্রকৌশলী বা কর্মকর্তাদের সাথেও এসব কারিকুলাম নিয়ে পরামর্শ করা হয়। এর পর বিপিএমআই কোন বিষয়ের কোর্স কারিকুলাম অনুমোদন করে এবং প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়।


প্রতিটি ব্যাচের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের নিকট থেকে কোর্সটি সম্পর্কে ফিডব্যাক গ্রহণ করা হয়, যাতে কারিকুলাম সম্পর্কে নানা পরামর্শ থাকে। সেগুলোর মধ্যে যুক্তিসংগত বলে বিবেচিত হলে সেগুলোর ভিত্তিতে পরবর্তী ব্যাচের কোর্স কারিকুলাম আপডেট করা হয়। মোটকথা, প্রতিটি কোর্স কারিকুলাম ক্রমাগতভাবে উন্নয়ন ও হালনাগাদ করা হয়।

## ৬. জুলাই ২০১৭ হতে জুন ২০২৫ পর্যন্ত সম্পাদিত প্রশিক্ষণ ও কর্মশালা


| | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **প্রশিক্ষণ (ব্যাচ)** | ১ | ২০ | ৩৩ | ৬৭ | ৬৪ | ৩৯ | ৩১ | ১৬ | ২৭১ |
| **প্রশিক্ষণার্থী** | ৩৪ | ৪৯৯ | ১০৮৩ | ৩১৬৪ | ২৪০৪ | ১০৬০ | ৭৬৪ | ৩৮৯ | ৯৩৯৭ |
| **কর্মশালা** | ০ | ২ | ২ | ২ | ৪ | ২ | ২ | ২ | ১৬ |



প্রশিক্ষণ কোর্সের সংখ্যা



কর্মশালার সংখ্যার




প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা

## ৭. ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত প্রশিক্ষণ ও কর্মশালা

বিপিএমআই ২০২৪-২৫ অর্থবছরে যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে তা নিম্নের ছকে উল্লেখ করা হলো:


| ক্রম | বিষয় | জুলাই ২০২৪ হতে জুন ২০২৫ পর্যন্ত অর্জন |
|---|---|---|
| ০১ | **প্রশিক্ষণ কোর্স** | **১৬ টি** |
| ০২ | **কর্মশালা** | **০২ টি** |
| ০৩ | **অংশগ্রহণকারী কর্মকর্তার সংখ্যা** | **৪৬৯ জন** |
| | **(প্রশিক্ষণে ৩৮৯ জন ও কর্মশালায় ৮০ জন)** | |
| ০৪ | **প্রশিক্ষণ দিবস** | **৩২৮ দিন** |
| ০৫ | **প্রশিক্ষণ জনদিবস** | **৯,৪৩৯ জন দিবস** |
| ০৬ | **মোট প্রশিক্ষণ জনঘন্টা** | **৭৫,৫১২ জন ঘন্টা** |
| ০৭ | **জনপ্রতি প্রশিক্ষণঘন্টা** | **১৬১.০০ ঘন্টা** |




**Number of Courses Based on Training Area (2024-25)**

| SL No | Name of course | No of Batches |
|---|---|---|
| | | |
| 1. | Basic Training on O&M of CCGT Power Plant | 1 |
| 2. | Design, Manufacturing and Testing of Transformer | 1 |
| 3. | Basic Training on Substation Automation System | 1 |
| 4. | Occupational Health & Safety | 1 |
| 5. | Power System Protection | 1 |
| 6. | Foundation Training Course (FTC) | 3 |
| 7. | Design, Construction, Operation & Maintenance of Electrical Substation | 1 |
| 8. | Design, Construction, Operation & Maintenance of Power Transmission & Distribution Line | 1 |
| 9. | Load Flow Analysis | 1 |
| 10. | Contract Management | 1 |
| 11. | Design and Implementation of Solar Power Plant | 2 |
| 12. | WePOWER SAR100-2.0: South Asia Regional Infrastructure Connectivity (SARIC) Training– 2024 Program | 1 |
| 13. | Public Procurement for Power Sector | 1 |

**২০২৪-২৫ অর্থবছরে বিপিএমআই কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ সমূহ** (বিস্তারিত পরিশিষ্ট – ক)



## ৮. ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত যৌথ বৈদেশিক কার্যক্রম

### WePOWER 2.0






থাইল্যান্ডের এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (AIT)-এর তত্ত্বাবধানে এবং বিশ্বব্যাংকের WePOWR উদ্যোগের অংশ হিসেবে ২০২৪, ২০২৫ সালে South Asia Women in Power Sector Professional Network (WePOWER)-SAR100 2.0 প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়, যেখানে দক্ষিণ এশিয়ার ৭টি দেশ থেকে মোট প্রায় ১১০ জন নারী প্রকৌশলী অংশগ্রহণ করেন এবং বাংলাদেশের বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থা থেকে ১৭ জন নারী কর্মকর্তা মনোনীত হন। প্রশিক্ষণ কার্যক্রমে আধুনিক বিদ্যুৎ ব্যবস্থা পরিকল্পনা ও পরিচালনা, নবায়নযোগ্য জ্বালানি সংযুক্তি, বিতরণ ব্যবস্থা ও স্মার্ট গ্রিড, আঞ্চলিক বিদ্যুৎ বাজার কাঠামো, নেতৃত্ব উন্নয়ন ও জেন্ডার অন্তর্ভুক্তি বিষয়ে ছয়টি মূল মডিউল অন্তর্ভুক্ত ছিল, পাশাপাশি অংশগ্রহণকারীরা সফট-স্কিল, জেন্ডার সচেতনতা, সিদ্ধান্ত গ্রহণ ও অন্তর্ভুক্তিমূলক কর্মপরিবেশ গড়ে তোলার কৌশল বিষয়ে প্রশিক্ষণ লাভ করেন। প্রশিক্ষণের অংশ হিসেবে অংশগ্রহণকারীরা দেশে Distribution Substation, GIS Grid Substation, Karnafuli Hydroelectric Power Station, Kaptai 7.4 MW Solar Power Plant, Cox's Bazar 60 MW Wind Power Plant এবং National Load Dispatch Center (NLDC) পরিদর্শন করেন, যেখানে তারা অবকাঠামোগত আধুনিকায়ন, নবায়নযোগ্য জ্বালানি সংযুক্তি, SCADA ও AI-ভিত্তিক গ্রিড ম্যানেজমেন্ট, বাজার শাসন কাঠামো এবং জেন্ডার অন্তর্ভুক্তির বাস্তব অভিজ্ঞতা অর্জন করেন। প্রশিক্ষণের সমাপনী পর্ব হিসেবে Capstone Week ২০২৫ সালের মার্চ মাসে থাইল্যান্ডের AIT ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়, যেখানে অংশগ্রহণকারীরা দলে বিভক্ত হয়ে তাদের ক্যাপস্টোন প্রকল্প উপস্থাপন করেন এবং থাইল্যান্ডের Electricity Generating Authority of Thailand (EGAT) পরিদর্শনের মাধ্যমে বৃহৎ বিদ্যুৎ অবকাঠামো ও কার্যক্রম সম্পর্কে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করেন। সার্বিকভাবে এই প্রশিক্ষণ বাংলাদেশের নারী প্রকৌশলীদের টেকনিক্যাল জ্ঞান, নেতৃত্বের সক্ষমতা ও আত্মবিশ্বাস বৃদ্ধির পাশাপাশি আঞ্চলিক নেটওয়ার্ক তৈরি, আন্তর্জাতিক সেরা চর্চা সম্পর্কে ধারণা এবং বিদ্যুৎ খাতে জেন্ডার বৈচিত্র্য বৃদ্ধির সুপারিশ তুলে ধরতে সহায়ক হয়েছে। কর্মসূচিটি বাস্তবায়নে দেশীয় অংশীদার হিসেবে বিপিএমআই (BPMI) দায়িত্ব পালন করে।

## ৯. ২০২৪-২৫ অর্থবছরের আর্থিক বিবরণী

| Asset | Amount in Taka | |
|---|---|---|
| | 30-Jun-25 | 30-Jun-24 |
| **Non-Current Assets** | 1,24,72,646 | 1,53,06,227 |
| **Current Assets** | 26,55,77,728 | 26,39,10,655 |
| **Total Assets** | **27,80,50,374** | **27,92,16,882** |
| **Fund & Liabilities** | **Amount in Taka** | |
| | **30-Jun-25** | **30-Jun-24** |
| **Fund** | 27,77,64,616 | 27,73,86,256 |
| **Current Liabilities** | 2,85,758 | 18,30,625 |
| **Total Fund & Liabilities** | **27,80,50,374** | **27,92,16,882** |

**২০২৪-২০২৫ অর্থবছরের আয়-ব্যয়ের বিবরণ (অডিট রিপোর্ট অনুযায়ী)**

| আয়ের খাত | টাকা (লক্ষ টাকায়) | ব্যয়ের খাত | টাকা (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| **প্রশিক্ষণ ফি বাবদ প্রাপ্তি** | ২৯৭.৯৪ | প্রশিক্ষণ বাবদ ব্যয় | ১৮৯.৩৮ |
| **ব্যাংক হতে প্রাপ্ত মুনাফা** | ২.১১ | বেতন ও ভাতাদি বাবদ ব্যয় | ১৩৫.৪৮ |
| **এফডিআর হতে প্রাপ্ত মুনাফা** | ১৭৮.১৩ | প্রশাসনিক ও অন্যান্য ব্যয় | ১২৬.১৫ |
| **অন্যান্য বাবদ প্রাপ্তি** | ১.১১ | ব্যাংক চার্জ ও অন্যান্য ব্যয় | ১.৯৯ |
| | | আয়কর বাবদ ব্যয় | ২২.৫১ |
| | | নিট আয় | ৩.৭৮ |
| **মোট আয়** | **৪৭৯.২৯** | **মোট ব্যয়** | **৪৭৯.২৯** |

**২০২৪-২৫ অর্থবছরের বাজেট ব্যয়** (বিস্তারিত পরিশিষ্ট- গ)

| ব্যয়ের খাত | ২০২৪-২৫ অর্থবছরে ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|
| *আবর্তক ব্যয়ঃ* | |
| বেতন ও ভাতাদি | ১৩৯.৭১ |
| প্রশাসনিক ও অন্যান্য ব্যয় | ২৬২.৭৬ |
| মেরামত ও সংরক্ষণ | ১৭.৮৫ |
| সর্বমোট আবর্তক ব্যয় | **৪২০.৩২** |
| *মূলধনী ব্যয়ঃ* | |
| সর্বোমোট মূলধনী ব্যয় | - |
| **মোট আবর্তক ও মূলধনী ব্যয়** | **৪২০.৩২** |

## ১০. বিপিএমআই এর প্রকল্প সংক্রান্ত বিদ্যমান পরিস্থিতি

**প্রকল্প ১: কেরাণীগঞ্জে বিপিএমআই এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্প**

সভায় জানানো হয়, প্রকল্পটি বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর অধীন বাস্তবায়নের লক্ষ্যে বিপিএমআই এর স্থায়ী ক্যাম্পাসের ডিজাইন ও ড্রইং প্রস্তুত এবং টপ সুপার ভিশন সেবার জন্য গত ০৯/০১/২০২২ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান URBANA এর সাথে বাবিউবো'র চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত প্রতিষ্ঠান ইতোমধ্যে বাবিউবোতে প্রিলিমিনারি মাস্টার প্ল্যান দাখিল করেছেন। প্রকল্পটির বাস্তবায়ন তরান্বিতকরণ ও অর্থায়নের জন্য গত ০৯/০৪/২০২৩ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ১৬ মে ২০২৩ তারিখের মধ্যে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক চূড়ান্ত নক্সা ও বাজেট দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত নির্মাণ কাজে মোট ব্যয়ের অর্ধেক জিওবি ও বাকী অর্ধেক সরকারি ও বেসরকারি বিদ্যুৎ সংস্থা/কোম্পানি হতে সংগ্রহ করার উদ্যোগ গ্রহণের পাশাপাশি অতিসত্ত্বর বাবিউবো কে বিদ্যুৎ বিভাগে ডিপিপি দাখিল করতে নির্দেশনা প্রদান করা হয় । গত ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে বাবিউবো কর্তৃক ৬৯২৮৯.০২ লক্ষ টাকা (জিওবি ৩৪১৪৪.৫১ লক্ষ টাকা সরকারি/বেসরকারি বিদ্যুৎ সংস্থা/কোম্পানির ৩৪১৪৪.৫১ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই'২০২৪ হতে জুন'২০২৮ মেয়াদে বাস্তবায়নের জন্য "বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্প" শীর্ষক একটি ডিপিপি প্রস্তুতপূর্বক বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়। গত ৩১ মার্চ ২০২৪ তারিখে ডিপিপি বিদ্যুৎ বিভাগ হতে অর্থ বিভাগের মতামতের জন্য প্রেরণ করা হলে আপাতত অর্থের সংস্থান করা সম্ভব নয় মর্মে জানানো হয়েছে।

পরবর্তীতে, জরুরি ভিত্তিতে প্রস্তাবিত ক্যাম্পাসে বিপিএমআই'র কার্যক্রম শুরু করার প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় বিপিএমআই এর তহবিল হতে ম্যাচিং ফান্ড হিসেবে ১০.০০ (দশ) কোটি টাকা এবং অবশিষ্ট টাকা বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল হতে অর্থায়নের মাধ্যমে ”বিপিএমআই'র হোস্টেল ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রস্তুতপূর্বক ১৫ মে,২০২৪ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে দাখিল করতে হবে মর্মে গত ৬ষ্ঠ এজিএম এ সিদ্ধান্ত হয় । সে অনুসারে মোট ৬৫ (পয়ষট্টি) কোটি টাকার ডিপিপি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে। বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুসারে এ খাতে উক্ত অর্থ ব্যবহারের সুযোগ না থাকায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক নীতিমালা সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে মর্মে জানা যায়।

৬৯২৮৯.০২ লক্ষ টাকার মূল/পূর্ণাঙ্গ ডিপিপিতে আপাতত অর্থের সংস্থান করা সম্ভব নয় মর্মে অর্থ বিভাগ হতে পত্র দেয়া হয়েছে। তহবিল ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুসারে “বিপিএমআই'র হোস্টেল ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের দাখিলকৃত ৬৫ (পয়ষট্টি) কোটি

টাকার ডিপিপিতে তহবিল ব্যবহারের সুযোগ না থাকায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক তা সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে মর্মে জানা যায়।

**প্রকল্প-২: "Establishment of Human Resource Development Framework for Power Sector in Bangladesh"**

JICA কর্তৃক প্রস্তুতকৃত Integrated Energy and Power Master Plan (IEPMP) 2023- এ অন্যান্য সংস্থার পাশাপাশি Bangladesh Power Management Institute (BPMI)- কে Energy Management Organization হিসেবে অন্তর্ভূক্ত করা হয়। ততপ্রেক্ষিতে, বিপিএমআই- এর Capacity Building এর জন্য JICA- কর্তৃক অর্থায়নে কারিগরি সহায়তার (TC-Technical Cooperation) আওতায় "Establishment of Human Resource Development Framework for Power Sector in Bangladesh"- শীর্ষক প্রকল্পটি এপ্রিল'২০২৫ থেকে তিন বছর (এপ্রিল'২০২৫ থেকে এপ্রিল'২০২৮) মেয়াদে শুরু হয়েছে। এ প্রকল্পের আওতায় বিপিএমআই- এর জনবল ও প্রশিক্ষকদের সর্বাধুনিক প্রযুক্তি (Cutting Edge Technology) সম্পর্কিত জ্ঞানে সমৃদ্ধকরণ, বিদ্যুৎ খাতের জন্য Training Needs Assessment (TNA) প্রণয়ন এবং প্রশিক্ষণ ফ্রেমওয়ার্ক তৈরী করা হবে। এছাড়াও, বিপিএমআই ও অন্যান্য সংস্থার মধ্যে প্রশিক্ষণের একটি ডিমার্কেশন তৈরী করা হবে (কোন ধরণের প্রশিক্ষণ বিপিএমআই কর্তৃক আয়োজন করা যেতে পারে এবং কোনগুলি সংস্থার তত্ত্বাবধায়নে নিজস্ব জনবলের জন্য আয়োজন করতে পারে)।

কারিগরি সহায়তা প্রকল্পটি JICA কর্তৃক এপ্রিল'২০২৫ – এপ্রিল'২০২৮ মেয়াদে বাস্তবায়ন শুরু হয়েছে। গত সেপ্টেম্বর'২০২৪ এ বিদ্যুৎ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও বিপিএমআই- এর মধ্যে স্বাক্ষরিত রেকর্ড অব ডিসকাশন (R/D) অনুযায়ী বিদ্যুৎ বিভাগ হতে Joint Corrdination Committee (JCC) ও ৩ টি Working Groud (WG) গঠিত হয়। ৩ টি Working Groud (WG) যথাক্রমে - Policy and Strategy Development, Trainers' Capacity Development, Training Framework and Certification System Development এই তিনটি বিষয় নিয়ে পরামর্শক টিমকে বিভিন্ন তথ্য ও মতামত দিয়ে সহায়তা করছে, জুন ২০২৫ পর্যন্ত Joint Corrdination Committee (JCC)- এর একটি সভা অনুষ্ঠিত হয় যার মাধ্যমে প্রকল্পটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় ।

**প্রকল্প-৩: Development of Curriculum Modules and Learning Materials on Grid-Connected Renewable Energy Systems, and Implementation of a Training of Trainers (ToT) Program for the Bangladesh Power Management Institute (BPMI)**

GIZ এর অর্থায়নে SKILLS4SE প্রকল্পের আওতায় বিপিএমআই-তে সোলার ও উইন্ড পাওয়ার সম্পর্কিত ট্রেইনিং সক্ষমতা বৃদ্ধির জন্য কারিকুলাম তৈরি, সিমুলেশন ল্যাব ও Photovoltaic Lab স্থাপন করা হবে। এছাড়াও, Training of Trainers (ToT) প্রোগ্রামের মাধ্যমে উক্ত প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করে, পরিবর্তিতে একটি পাইলট প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। ২০২৫-২৬ অর্থ বছরের মধ্যে সোলার ও উইন্ড পাওয়ার সম্পর্কিত ট্রেইনিং- এর কারিকুলাম তৈরি, ভিন্ন দুইটি Training of Trainers (ToT) প্রোগ্রাম সম্পন্ন এবং একটি সোলার ও উন্ড ল্যাব স্থাপন করা হবে। পরবর্তীতে এই ফ্যাসিলিটি ও ToT এর মাধ্যমে প্রশিক্ষিত ট্রেইনারদের দ্বারা পাইলট প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে।

## ১১. ২০২৫-২৬ অর্থবছরের কর্ম পরিকল্পনা

**প্রশিক্ষণ ও কর্মশালা** (বিস্তারিত পরিশিষ্ট – খ)

২০২৫-২৬ অর্থবছরে বিপিএমআই কর্তৃক বিদ্যুৎ খাতের জনবলের দক্ষতা উন্নয়নে মোট ৩১ টি ব্যাচে ৮৮০ জনের প্রশিক্ষণ ও ২ টি কর্মশালা আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। এছাড়াও, চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয় প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা হবে।

## ১২. চ্যালেঞ্জ সমূহ

বিপিএমআই-এর কার্যক্রম পরিচালনার ৭ বছরেরও বেশি সময় অতিবাহিত হয়েছে। এই সময়ের মধ্যেই এ ইনস্টিটিউট প্রশিক্ষণের মান এবং পরিচালনার পদ্ধতি সম্পর্কে বেশ প্রশংসা অর্জন করেছে। অনেক সীমাবদ্ধতা সত্ত্বেও বিপিএমআই তার উপর অর্পিত দায়িত্ব পালনে তৎপর রয়েছে।

বিপিএমআই যে সকল সমস্যার মধ্য দিয়ে নিজের কার্যক্রম পরিচালনা করছে, সেগুলি হচ্ছে:

- নিজস্ব ভবন না থাকা
- নিজস্ব ল্যাবরেটরি ও ওয়ার্কশপের অভাব
- জনবলের স্বল্পতা
- পর্যাপ্ত তহবিলের অভাব
- ক্লাসরুমের স্বল্পতা
- বিভিন্ন বিষয়ের সিমুলেটর না থাকা
- প্রশিক্ষণার্থীদের যথাসময়ে ও চাহিত সংখ্যায় মনোনয়ন প্রদান না করা

বিপিএমআই বর্তমানে পূর্বাচলে ডেসকো-র একটি ভবনে নিজস্ব কার্যক্রম পরিচালনা করছে। দ্রুত নিজস্ব ক্যাম্পাসে অবকাঠামো নির্মাণের জন্য বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং বিপিএমআই একত্রে কাজ করছে। ভবিষ্যতে কেরাণীগঞ্জস্থ নিজস্ব জমিতে ভবনাদি নির্মাণ করার পর সেখানে কার্যক্রম পরিচালিত হবে, যাতে বিদ্যুৎ খাতে প্রশিক্ষণের আধুনিক সকল সুযোগ-সুবিধা সৃজন করা হবে।

## ১৩. ভবিষ্যৎ পরিকল্পনা

বিপিএমআই প্রশিক্ষণ প্রদানে সক্ষমতা বাড়ানোর, প্রশিক্ষণের মান বৃদ্ধি সহ বিভিন্ন পরিকল্পনা তৈরি করেছে, যেগুলি হচ্ছে:

১) আন্তর্জাতিক মানের টেস্টিং, গবেষণা ও প্রশিক্ষণের উপযোগী ল্যাবরেটরি/ওয়ার্কশপ সহ স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য কেরানীগঞ্জে ২৫ একর জমি নেয়া হয়েছে। ঐ স্থানে বিদ্যুৎ বিভাগ এবং বিপিডিবি’র সহায়তায় প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলা হবে।

২) মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য কোর্স কারিকুলার ও কোর্স ম্যাটেরিয়াল তৈরি করবে।

৩) বিদ্যুৎ খাতে নতুন ক্ষেত্র/ টেকনোলজি/ উত্তম চর্চা সংক্রান্ত ওয়ার্কশপ ও সেমিনার আয়োজন।

৪) কারিগরি, জনবল ও আর্থিক ব্যবস্থাপনা খাতে উন্নত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় সংখ্যক উচ্চ দক্ষতার প্রশিক্ষক তৈরি করবে।

৫) বিদ্যুৎ সেক্টরের বেসরকারি খাতে কর্মরত জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

৬) বিদ্যুৎ খাতে প্রশিক্ষণের একটি মান নির্ধারণেও বিপিএমআই কাজ করবে।

৭) বিপিএমআই ভবিষ্যতে বিদ্যুৎ খাতে সংস্থা/কোম্পানিসমূহকে কনসালটেন্সি সেবা প্রদান করবে। কনসালট্যান্সি সার্ভিসের জন্য বিদেশকোম্পানিতে কর্মরত বা অবসরপ্রাপ্ত দক্ষ /নির্ভরতা কমানোর লক্ষ্যে বিভিন্ন সংস্থা-জনবলকে এক ছাতার তলায় আনা হবে এবং ভবিষ্যৎ প্রয়োজন মেটানোর জন্য নতুনদের প্রশিক্ষণ প্রদান করা হবে।

৮) কারিগরি সহায়তার জন্য দেশের সরকারি/ বেসরকারিখাত এবং বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ অব্যাহত রয়েছে। বিপিএমআই ভারতের এনটিপিসি/ এনপিটিআই, জাপানের টেপকোসহ অষ্ট্রেলিয়ার কয়েকটি শিক্ষা/ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে প্রশিক্ষণ কার্যক্রম চালু করার জন্য এমওইউ সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৯) কয়লা ও এলএনজি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, পরিচালনা ও মেইনটেন্যান্স বিষয়ে গুরুত্ব দিয়ে উপযুক্ত জনবল গড়ে তোলা হবে।

১০) এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কার্যক্রম বাস্তবায়নে স্বার্থে বিদ্যুৎ খাতে উন্নত তথ্য-প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দক্ষ, পেশাদার কর্মীবাহিনী তৈরির জন্য বিপিএমআই প্রশিক্ষণ প্রদান করবে।

১১) সামগ্রিকভাবে বিদ্যুৎ খাত তথা বাংলাদেশের প্রশিক্ষণ ক্ষেত্রে বিপিএমআই-কে একটি আন্তর্জাতিক মানের ইনস্টিটিউট বা সেন্টার অব এক্সেলেন্স হিসেবে গড়ে তোলা হবে।

## ১৪. উপসংহার

শুরু থেকেই বিপিএমআই প্রশিক্ষণে উচ্চ মান রক্ষার জন্য চেষ্টা করে আসছে। সফলভাবে কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহের প্রতি বিপিএমআই কৃতজ্ঞ। বিপিএমআই এর নিজস্ব ক্যাম্পাস নির্মাণ, অত্যাধুনিক ও যুগোপযোগী ল্যাব স্থাপন, জনবল নিয়োগ এবং আর্থিক সাবলম্বিতা সৃষ্টির লক্ষ্যে অংশীজনদের অংশগ্রহণ, সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশা করা যায়।

## পরিশিষ্ট-কঃ (২০২৪-২৫ সালে সম্পাদিত প্রশিক্ষণের বিস্তারিত বিবরণী)

| SL No | Name of Course | Beginning Date | Ending Date | Duration | Number of Participants |
|---|---|---|---|---|---|
| 1 | Basic Training on O&M of CCGT Power Plant (Batch-2nd) | 02.07.2024 | 12.07.2024 | 12 | 16 |
| 2 | Design, Manufacturing and Testing of Transformer (Batch-8th) | 30.07.2024 | 18.08.2024 | 12 | 21 |
| 3 | Basic Trining on Substation Automation System (Batch-3) | 14.08.2024 | 29.08.2024 | 10 | 24 |
| 4 | Occupational Health & Safety (Batch-1) | 29.08.2024 | 02.09.2024 | 5 | 25 |
| 5 | Power System Protection (Batch-8) | 28.08.2024 | 12.09.2024 | 13 | 22 |
| 6 | Foundation Training Course (FTC) (Batch-6th) | 01.07.2024 | 22.09.2024 | 60 | 36 |
| 7 | Design, Construction, Operation & Maintenance of Electrical Substation (10th Batch) | 15.09.2024 | 03.10.2024 | 14 | 23 |
| 8 | Design, Construction, Operation & Maintenance of Power Transmission & Distribution Line (10th Batch) | 07.10.2024 | 24.10.2024 | 12 | 19 |
| 9 | Load Flow Analysis (Batch-04) | 04.11.2024 | 17.11.2024 | 11 | 20 |
| 10 | Contract Management (Batch-02) | 08.12.2024 | 22.12.2024 | 10 | 18 |
| 11 | Foundation Training Course (FTC) (Batch-7th) | 21.10.2024 | 31.12.2024 | 60 | 37 |
| 12 | Design and Implementation of Solar Power Plant (Batch-6th) | 14.01.2025 | 02.02.2025 | 14 | 28 |
| 13 | WePOWER SAR100-2.0: South Asia Regional Infrastructure Connectivity (SARIC) Training–2024 Program | 08.02.2025 | 12.02.2025 | 5 | 17 |
| 14 | Foundation Training Course (FTC) (Batch-8th) | 05.01.2025 | 15.03.2025 | 60 | 30 |
| 15 | Public Procurement for Power Sector (7th Batch) | 04.03.2025 | 23.03.2025 | 15 | 24 |

| SL No | Name of Course | Beginning Date | Ending Date | Duration | Number of Participants |
|---|---|---|---|---|---|
| 16 | Design and Implementation of Solar Power Plant (7th Batch) | 05.05.2025 | 22.05.2025 | 13 | 29 |
| Total | | | | | 389 |
| Workshop & Seminar | | | | | |
| 1 | Workshop on " Training Needs Assessment fo 2025-26" | 13.05.2025 | | 1 | 40 |
| 2 | Prospects of Tidal Barrage Power in the Coastal Areas of Bangladesh | 25.02.2025 | | 1 | 40 |
| Total | | | | | |

**পরিশিষ্ট-খঃ (২০২৫-২৬ প্রশিক্ষণ পরিকল্পনা)**

# BPMI Training Plan for the year 2025-26

| Sl # | No of Participants | Training Title | July | | | | August | | | | September | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 |
| 1. | 30 | Design and Implementation of Solar Power Plant | | | | | | | | | | | | |
| 2. | 30 | Basic Training on O&M of CCGT Power Plant. | | | | | | | | | | | | |
| 3. | 36 | Foundation Training Course 9th Batch | | | | | | | | | | | | |
| 4. | 30 | Generator Protection in Power Plant | | | | | | | | | | | | |

| Sl # | No of Participants | Training Title | October | | | | November | | | | December | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 |
| 5. | 30 | Training on AGC and FGMO | | | | | | | | | | | | |
| 6. | 36 | Foundation Training Course 10th Batch | | | | | | | | | | | | |
| 7. | 20 | Training on Oracle Database 19C Administrator Certified Professional | | | | | | | | | | | | |
| 8. | 32 | Design, Construction, Maintenance and Testing of Power Transmission and Distribution Line | | | | | | | | | | | | |
| 9. | 32 | Coal Procurement and Coal Handling System | | | | | | | | | | | | |
| 10. | 36 | Special Foundation Training Course 5th Batch | | | | | | | | | | | | |
| 11. | 30 | Contract Management | | | | | | | | | | | | |
| 12 | 30 | Advanced Training of Trainers | | | | | | | | | | | | |

# BPMI Training Plan for the year 2025-26

| Sl # | No of Participants | Training Title | January | | | | February | | | | March | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 |
| 13 | 30 | Instrumentation and Control System in Power Station | | | | | | | | | | | | |
| 14 | 36 | Foundation Training Course 11th Batch | | | | | | | | | | | | |
| 15 | 36 | Design, Manufacturing and Testing of Transformer (DMTT) | | | | | | | | | | | | |
| 16 | 20 | Enterprise resource Planning (ERP) | | | | | | | | | | | | |
| 17 | 30 | Rooftop Solar System under NEM-10 days | | | | | | | | | | | | |
| 18 | 20 | Certified Information Systems Auditor (CISA) | | | | | | | | | | | | |
| 19 | 30 | Power System Protection | | | | | | | | | | | | |
| 20 | 20 | Red Hat Certified Engineer ( RHCE) | | | | | | | | | | | | |

# BPMI Training Plan for the year 2025-26

| Sl # | No of Trainees | Training Title | April | | | | May | | | | June | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 |
| | | To be Continued…. | | | | | | | | | | | | |
| 21 | 30 | Design Construction Operation & Maintenance of Different type of Boilers & Turbine of Power Plant | | | | | | | | | | | | |
| 22 | 20 | LINUX Course on Servers Setup | | | | | | | | | | | | |
| 23 | 30 | Design, Operation, Maintenance and Protection | | | | | | | | | | | | |
| 24 | 32 | Operation & Maintenance of Coal Fired Power Plant | | | | | | | | | | | | |
| 25 | 30 | Basic Training on GIS Mapping | | | | | | | | | | | | |

# BPMI Training Plan for the year 2025-26

| Sl # | No of Trainees | Training Title | April | | | | May | | | | June | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 | W1 | W2 | W3 | W4 |
| 26 | 20 | Big Data Analisis | | | | | | | | | | | | |
| 27 | 30 | Energy Efficiency & Conservation | | | | | | | | | | | | |
| 28 | 30 | Leadership Development Program for Power Sector | | | | | | | | | | | | |
| 29 | 30 | Integrated Management System (ISO 9001, ISO 14001 and ISO 45001) Quality, Environmental and Occupational Health & Safety Management Systems | | | | | | | | | | | | |
| 30 | 30 | Inventory and Warehouse Management (IWM) | | | | | | | | | | | | |
| 31 | 30 | Physical Access and Security Control | | | | | | | | | | | | |
| 32 | 30 | Public Procurement for Power Sector | | | | | | | | | | | | |
| 33 | 20 | Training on oracle Golden Gate | | | | | | | | | | | | |
| 34 | 30 | Company Act & Share Listing of Power Sector Utilities | | | | | | | | | | | | |
| 35 | 30 | Substation Automation System (SAS) | | | | | | | | | | | | |
| 36 | 30 | Project Formulation Implementation. Monitoring &Evaluation (PIME) | | | | | | | | | | | | |
| 37 | 30 | Training on Load Flow Analysis Software (CYME/Etap/Power Factory | | | | | | | | | | | | |
| 38 | 30 | Human Resource Management (HRM) | | | | | | | | | | | | |
| 39 | 30 | Finance for Non Finance Professional | | | | | | | | | | | | |
| 40 | 30 | Audit and Financial Management | | | | | | | | | | | | |

## পরিশিষ্ট-গঃ (খাতওয়ারী বিস্তারিত বাজেট)

(লক্ষ টাকায়)

| ২০২৪-২০২৫ অর্থ বছরের খাতওয়ারি বাজেট ও ব্যয়ের বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|
| অর্থনৈতিক কোড | ব্যয়ের খাত | ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট | ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট | মোট ব্যয় | আর্থিক অগ্রগতি % |
| **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১১০১ | মূল বেতন (অফিসার) | ৪০.২০ | ৩৯.৯৫ | ৩৯.৯৫ | ১০০% |
| ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | ৭২.৯৯ | ৬০.৪৬ | ৫৯.৮২ | ৯৯% |
| উপ-মোটঃ মূল বেতন | | **১১৩.১৯** | **১০০.৪১** | **৯৯.৭৭** | **৯৯%** |
| **ভাতাদি** | | | | | |
| ৩১১১৩০১ | অতিরিক্ত দায়িত্বভার ভাতা | ০.৫৪ | ০.১৩ | ০.১৩ | ১০০% |
| ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | ৩.০০ | ০.৫৯ | ০.৫৯ | ১০০% |
| ৩১১১৩০৬ | শিক্ষা সহায়ক ভাতা | ০.১২ | ০.১২ | ০.১২ | ১০০% |
| ৩১১৩০১০ | বাড়ি ভাড়া ভাতা | ২০.১০ | ১৯.৯৫ | ১৯.৯৫ | ১০০% |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ৬.৭০ | ২.৮৬ | ২.৩৮ | ৮৩% |
| ৩১১১৩১২ | মোবাইল বিল ভাতা | ৪.০২ | ২.২২ | ২.২২ | ১০০% |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ৬.৭০ | ৬.৭০ | ৬.৭০ | ১০০% |
| ৩১১১৩২৯ | বিশেষ ভাতা-প্রশিক্ষণ | ১৬.২০ | ৬.৩৫ | ৬.৩৪ | ১০০% |
| ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা | ০.৮৪ | ০.৮৪ | ০.৮৪ | ১০০% |
| ৩১১১৩৩৫ | নববর্ষ ভাতা | ০.৬৭ | ০.৬৭ | ০.৬৭ | ১০০% |
| উপ-মোটঃ ভাতাদি | | **৫৮.৮৯** | **৪০.৪৩** | **৩৯.৯৪** | **৯৯%** |
| উপ-মোটঃ বেতন ও ভাতাদি | | **১৭২.০৮** | **১৪০.৮৪** | **১৩৯.৭১** | **৯৯%** |
| সরবরাহ ও সেবা (প্রশাসনিক ও অন্যান্য ব্যয়) | | | | | |
| ৩২১১১০১ | পুরস্কার | ০.৫০ | - | ০.০০ | ০% |
| ৩২১১১০২ | পরিস্কার পরিচ্ছন্নতা | ১.০০ | ০.৬৫ | ০.৫৩ | ৮২% |
| ৩২১১১০৪ | রেজিষ্ট্রেশন ফি | ৩.০০ | ১.০২ | ১.০০ | ৯৮% |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | ৫৪.০০ | ২২.৫৬ | ২২.৪৯ | ১০০% |
| ৩২১১১০৭ | হায়ারিং চার্জ (গাড়ি ভাড়া) | ২৮.০০ | ৯.৬১ | ৯.৫৮ | ১০০% |
| ৩২১১১১১ | সেমিনার এবং কনফারেন্স ব্যয় | ৯.০০ | ১.৬২ | ১.৬২ | ১০০% |
| ৩২১১১১৩ | বিদ্যুৎ | ২০.০০ | ৮.৫৭ | ৮.৪৪ | ৯৮% |
| ৩২১১১১৭ | ইন্টারনেট | ৭.০০ | ৩.৪৯ | ৩.৪৭ | ৯৯% |
| ৩২১১১১৯ | ডাক | ১.০০ | - | ০.০০ | ০% |
| ৩২১১১২০ | টেলিফোন/ মোবাইল | ১.০০ | ০.৬০ | ০.৬০ | ১০০% |
| ৩২১১১২২ | আবাসিক ভবন ভাড়া | ২৫.০০ | ২২.২৮ | ২২.২৮ | ১০০% |
| ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | ১.০০ | - | ০.০০ | ০% |
| ৩২১১১২৬ | অডিও-ভিডিও চলচ্চিত্র নির্মাণ | ০.৪২ | ০.২৪ | ০.২৪ | ১০০% |
| ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | ১.০০ | ০.০৭ | ০.০৭ | ১০০% |
| ৩২১১১২৯ | অফিস ভবন ভাড়া | - | - | ০.০০ | ০% |
| ৩২১১১৩০ | যাতায়াত ব্যয় | ২.০০ | ০.৪৩ | ০.৪৩ | ১০০% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২২১১০১ | অডিট ফি | ১.০০ | ০.৬৬ | ০.৬৬ | **১০০%** |
| ৩২৩১১০১ | বৈদেশিক প্রশিক্ষণ | ১৬.০০ | - | ০.০০ | **০%** |
| ৩২৩১২০১ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ২.০০ | - | ০.০০ | **০%** |
| ৩২৪১১০১ | ভ্রমন ব্যয় | ২.০০ | ০.১০ | ০.১০ | **১০০%** |
| ৩২৪৩১০১ | পেট্রোল, ওয়েল এন্ড লুব্রিকেন্ট | ৩৮.০০ | ২৮.৪২ | ২৭.৫৩ | **৯৭%** |
| ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানি | ৩.০০ | ৩.১১ | ৩.০০ | **৯৬%** |
| ৩২৫২১০১ | বিছানাপত্র | ২.০০ | ০.৮৯ | ০.৮৯ | **১০০%** |
| ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই | ১০.০০ | ৩.৫৩ | ৩.৩২ | **৯৪%** |
| ৩২৫৫১০৪ | মনিহারী | ২০.০০ | ৯.৭৩ | ৯.৭০ | **১০০%** |
| ৩২৫৬১০১ | বিবিধ ব্যয় | ৯.০০ | ২.১৬ | ২.১০ | **৯৭%** |
| ৩২৫৬১০৭ | ক্রীড়া সামগ্রী | ১.০০ | ০.৬৯ | ০.৬৯ | **১০০%** |
| ৩১১১৩৩২ | সম্মানী | - | - | ০.০০ | **০%** |
| ৩২৫৭২০৬ | সম্মানী/পারিতোষিক | ২৫০.০০ | ১৪৫.০৫ | ১৪৩.৭০ | **৯৯%** |
| ৩২৫৭৩০১ | অনুষ্ঠান/ উৎসবাদি | ৩.০০ | ০.৩২ | ০.৩২ | **১০০%** |
| **উপ-মোটঃ প্রশাসনিক ও অন্যান্য ব্যয়** | | **৫১০.৯২** | **২৬৫.৮** | **২৬২.৭৬** | **৯৯%** |
| **৩২৫৮১- মেরামত ও সংরক্ষণ** | | | | | |
| ৩২৫৮১০১ | যানবাহন | ১৫.০০ | ১৪.৩১ | ১৪.১০ | **৯৯%** |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | ৩.০০ | - | ০.০০ | **০%** |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | ৩.০০ | ১.১১ | ০.৯১ | **৮২%** |
| ৩২৫৮১০৪ | অফিস সরঞ্জামাদি | ৩.০০ | ২.৯৪ | ২.৮৪ | **৯৭%** |
| ৩২৫৮১০৫ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২.০০ | - | ০.০০ | **০%** |
| উপ-মোটঃ মেরামত ও সংরক্ষণ | | ২৬.০০ | ১৮.৩৬ | ১৭.৮৫ | ৯৭% |
| সর্বমোট আবর্তক ব্যয় | | **৭০৯.০০** | **৪২৫.০০** | **৪২০.৩২** | **৯৯%** |
| মূলধনী ব্যয় | | | | | |
| ৪১১২১০১ | মোটরযান | ০ | *০* | **০.০০** | **০%** |
| ৪১১২২০২ | কম্পিউটার এবং আনুষঙ্গিক | ১০ | *০* | **০.০০** | **০%** |
| ৪১১৩৩০১ | কম্পিউটার হার্ডওয়্যার, সফ্টওয়্যার এবং কম্পিউটার পেরিফেরাল | ৮ | *০* | **০.০০** | **০%** |
| ৪১১২৩১০ | ইনটেরিয়র ডিজাইন-অফিস সরঞ্জামাদি | ৫ | *০* | **০.০০** | **০%** |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | ৫ | *০* | **০.০০** | **০%** |
| উপ-মোটঃ মূলধন ব্যয় | | **২৮** | **০** | **০.০০** | **০%** |
| **মোট আবর্তক ও মূলধনী ব্যয়** | | **৭৩৭.০০** | **৪২৫.০০** | **৪২০.৩২** | **৯৯%** |

**পরিশিষ্ট-ঘ (গভর্নিং বডির গঠন)**

| Constitution of Governing Body | | |
|---|---|---|
| **Sl.** | **Designation & Address** | **Types of Membership** |
| **1.** | Secretary<br>Power Division<br>Ministry of Power, Energy & Mineral Resources | **Chairman** |
| **2.** | Secretary, Bangladesh Energy Regulatory Commission (BERC) | **Member** |
| **3.** | Chairman<br>Bangladesh Power Development Board (BPDB) | **Member** |
| **4.** | Chairman<br>Sustainable & Renewable Energy Development Authority (SREDA) | **Member** |
| **5.** | Rector<br>Bangladesh Power Management Institute (BPMI) | **Member Secretary and Executive Member** |
| **6.** | One academician from Universities related to power technology or management | **Non-Official Member** |
| **7.** | Managing Director<br>North West Power Generation Company Ltd. | **Member** |
| **8.** | Managing Director<br>Power Grid Bangladesh PLC | **Member** |
| **9.** | Managing Director<br>Dhaka Electricity Supply PLC | **Member** |
| **10.** | Director General<br>Power Cell, Power Division | **Member** |
| **11.** | One Expert in Power Sector | **Non-Official Member** |
| **12.** | One Representative from Private Power Sector | **Non-Official Member** |
| **13.** | Member Directing Staff (MDS) (Admin & Finance), BPMI | **Member** |
| **14.** | **Additional Secretary (Admin), Power Division** | **Member** |

## পরিশিষ্ট-ঙ (জেনারেল বডির গঠন)

| মেম্বার'স অব জেনারেল বডি | | |
|---|---|---|
| **Sl.** | **Designation & Address** | **Types of Membership** |
| **1.** | Secretary, Power Division, Ministry of Power, Energy & Mineral Resources | Chairman |
| **2.** | Secretary, Bangladesh Energy Regulatory Commission (BERC) | Member |
| **3.** | Chairman, Bangladesh Power Development Board (BPDB) | Member |
| **4.** | Chairman, Bangladesh Rural Electrification Board (BREB) | Member |
| **5.** | Chairman, Sustainable & Renewable Energy Development Authority (SREDA) | Member |
| **6.** | Chairman, Bangladesh Energy & Power Research Council (BEPRC) | Member |
| **7.** | Rector, Bangladesh Power Management Institute (BPMI) | Member Secretary and Executive Member |
| **8.** | One academician from universities related to power technology or management | Non-Official Member |
| **9.** | Managing Director, North West Power Generation Company Ltd. | Member |
| **10.** | Managing Director, Electricity Generation Company of Bangladesh Ltd | Member |
| **11.** | Managing Director, Rural Power Company Ltd. | Member |
| **12.** | Managing Director, Coal Power Generation Company Bangladesh Limited. | Member |
| **13.** | Managing Director, Power Grid Bangladesh PLC | Member |
| **14.** | Managing Director, Dhaka Power Distribution Company Ltd. | Member |
| **15.** | Managing Director, Dhaka Electricity Supply PLC | Member |
| **16.** | Managing Director, West Zone Power Distribution Company Ltd. | Member |
| **17.** | Director General, Power Cell, Power Division | Member |
| **18.** | One Expert in Power Sector | Non-Official Member |
| **19.** | One Representative from Private Power Sector | Non-Official Member |
| **20.** | Member Directing Staff (MDS) (Admin & Finance), BPMI | Member |
| **21.** | Managing Director, Ashuganj Power Station Company Ltd. | Member |
| **22.** | Managing Director, Northern Electricity Supply Company PLC. | Member |
| **23.** | Managing Director, B-R Powergen Limited | Member |
| **24.** | Additional Secretary (Admin), Power Division | Member |

## পরিশিষ্ট-চ (ফটো এ্যালবাম)




বিপিএমআই-এর পূর্বাচলস্থ অস্থায়ী ভবন




সচিব মহোদয় কর্তৃক Foundation Training Course- এর উদ্বোধন




Foundation Training Course- এর প্রশিক্ষণার্থীগণের সাথে বিপিএমআই’র কর্মকর্তাবৃন্দ




WePOWER SAR100-2.0: South Asia Regional Infrastructure Connectivity (SARIC) Training– 2024 Program- এর ১৭ জন প্রশিক্ষণার্থী কর্তৃক Capstone, Thailand ভ্রমণ



Foundation Training Course- এর প্রশিক্ষণার্থী কর্তৃক স্মৃতিসৌধ পরিদর্শন




Design, Construction, Operation & Maintenance of Power Transmission & Distribution Line- এর প্রশিক্ষণার্থীগণ কর্তৃক Poly Cables পরিদর্শন



Public Procurement for Power Sector- এর প্রশিক্ষণার্থীগণ




Design and Implementation of Solar Power Plant- এর প্রশিক্ষণার্থী কর্তৃক বুয়েটের রুফটপ সোলার সিস্টেম পরিদর্শন



Design, Construction, Operation & Maintenance of Electrical Substation- এর প্রশিক্ষণার্থীগণ কর্তৃক আমিনবাজার গ্রিড স্টেশন পরিদর্শন




বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে সেশন নিচ্ছেন অধ্যাপক ড. ম. তামিম, বুয়েট



বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের শরীরচর্চা বিষয়ক সেশন



বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে সেশন নিচ্ছেন শিক্ষাবিদ জনাব সলিমুল্লাহ খান




Design and Implementation of Solar Power Plant- এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন Mr. Muhammad Rafiqul Islam, Chief Executive Officer (Secretary) Public Private Partnership Authority



বিপিএমআই-এর অস্থায়ী ক্যাম্পাস ভিজিটে JICA টিম।